# RB-89.1 পূরণ করার নির্দেশাবলী

**উত্তরদাতাদের প্রতি**: বোর্ডের পুনর্বিবেচনার (ফর্ম RB-89.1) জন্য আবেদন খণ্ডন করা অথবা এই "খণ্ডন" করার পরে, বোর্ডের পুনর্বিবেচনার (ফর্ম RB-89) জন্য আবেদন অনুসারে পরিষেবা প্রাপ্ত হবার 30 ক্যালেন্ডার দিনের মধ্যে অথবা এই "আবেদন," করার পরে, উত্তরদাতার প্রতি অবশ্যই দায়ের করতে হবে। বোর্ডের দ্বারা এই ধরনের খণ্ডনের নথিটির প্রকৃত প্রাপ্তির তারিখে ফর্ম RB-89.1 খণ্ডনটি বোর্ডে কাছে দায়ের করা হয়েছে বলে মনে করা হয়। 12 NYCRR 300.13(c) অনুসারে, যার জন্য সমস্ত খণ্ডনকে 12 NYCRR 300.13(b) এর প্রয়োজনীয়তাগুলি অনুপালন করা প্রয়োজন, তার জন্য ফর্ম RB-89.1 শুধুমাত্র দাবিগুলির জন্য কেন্দ্রীভূত ইমেইল ঠিকানায় (wcbclaimsfiling@wcb.ny.gov), অথবা WCB ওয়েব আপলোড লিঙ্কের মাধ্যমে (https://wcbdoc.services.conduent.com/) দায়ের করা যেতে পারে। প্রতিনিধিত্বহীন দাবিদাররা বিকল্পভাবে বোর্ডের কেন্দ্রীয় ডাকযোগে পাঠানোর ঠিকানা (পি.ও. বক্স 5205, Binghamton, NY 13902-5205)-তে বোর্ডের পুনর্বিবেচনার জন্য আবেদন খণ্ডন করার মেইল পাঠাতে পারে। ওয়ার্কারস কম্পেনসেশনে বৈষম্যের দাবিতে RB-89.1 ফর্মগুলিকে, অবশ্যই বোর্ডের ডিসক্রিমিনেশন ইউনিট, PO বক্স 9029, Endicott, NY 13761-9029 ঠিকানাতে খণ্ডনগুলি মেইল করে বোর্ডের কাছে দায়ের করতে হবে। প্রতিবন্ধিতার সুবিধা দাবি করার জন্য দায়ের করা RB-89.1 ফর্ম (আঘাত বা অসুস্থতার কারণে হারানো মজুরির দাবি যা কাজ-সম্পর্কিত নয়) ডিসেবিলিটি বেনিফিটস ব্যুরো, পি.ও. বক্স 9029, Endicott, NY- 13761-9029 এর কাছে মেইল করে খণ্ডনটি অবশ্যই বোর্ডের কাছে দায়ের করতে হবে। এই খণ্ডনের একটি অনুলিপি অবশ্যই 12 NYCRR 300.13(b)(1)(iv) অনুসারে সমস্ত প্রয়োজনীয় আগ্রহী পক্ষকে পরিবেশন করতে হবে। ফর্ম RB-89.1, যদি না কোনো প্রতিনিধিত্বহীন দাবিদার জমা দিয়ে থাকে, অবশ্যই চেয়ার দ্বারা নির্ধারিত বিন্যাসে হতে হবে, খণ্ডনের সমস্ত ধারা অবশ্যই সম্পূর্ণ হতে হবে এবং সংযুক্ত যেকোনো আইনি সংক্ষিপ্ত বিবরণ অবশ্যই 12 NYCRR 300.13(b)(1)(i) অনুপালন করে চলবে। 12 NYCRR 300.13 এবং এই নির্দেশাবলী অনুসারে প্রয়োজনীয় সমস্ত তথ্য সরবরাহ করতে ব্যর্থ হলে, খণ্ডনের আবেদন বিবেচনা নাও করা হতে পারে।

**দ্রষ্টব্য**: বোর্ডের পুনর্বিবেচনার জন্য আবেদনের খণ্ডন কোনো বোর্ড অফিসে নিজে হাতে পাঠানো হলে তা গ্রহণ করা হবে না। RB-89.1 ফর্মগুলি সরাসরি অ্যাডমিনিস্ট্রেটিভ রিভিউ ডিভিশনে মেইল করা বা জমা দেওয়া হলে তা বোর্ডের কাছে দায়ের করা হয়নি বলে মনে করা হবে এবং একে বিবেচনা করা হবে না।

1. **WCB কেস নম্বর(গুলি)।** যে দাবি(গুলি) আপিল করা হচ্ছে তার WCB কেস নম্বর(গুলি) লিখুন। WCB কেস নম্বর(গুলি)-র মধ্যে ওয়ার্কারস কম্পেনসেশন, বৈষম্য, প্রতিবন্ধিতা জনিত কারণে প্রাপ্ত সুবিধা, বেতন দেওয়া পারিবারিক ছুটি বিষয়ক বৈষম্য, স্বেচ্ছাসেবক অগ্নিনির্বাপক এবং স্বেচ্ছাসেবক অ্যাম্বুলেন্স কর্মীর সুবিধাগুলির জন্য কেস নম্বর অন্তর্ভুক্ত থাকে।
2. **ক্যারিয়ারের কেস নম্বর(গুলি)।** যে দাবি(গুলি) আপিল করা হচ্ছে তার ক্যারিয়ারের কেস নম্বর(গুলি) লিখুন। এই ধারা/আইটেম বৈষম্যের জন্য করা দাবির জন্য প্রযোজ্য নয়।
3. **ক্যারিয়ারের কোড।** যে দাবির জন্য আবেদন করা হচ্ছে তার জন্য ক্যারিয়ারের ক্যারিয়ার কোড লিখুন। এই ধারা/আইটেম বৈষম্যের জন্য করা দাবির জন্য প্রযোজ্য নয়।
4. **ক্যারিয়ারের নাম।** যে দাবির জন্য আবেদন করা হচ্ছে তার জন্য ক্যারিয়ারের নাম লিখুন। এই ধারা/আইটেম বৈষম্যের জন্য করা দাবির জন্য প্রযোজ্য নয়।
5. **আঘাত পাবার/ছুটি নেবার তারিখ।** আঘাত লাগার মূল তারিখটি লিখুন বা যে তারিখে পারিবারিক সবেতন ছুটি শুরু দেওয়া হয়েছিল তা লিখুন (যদি সবেতন পারিবারিক ছুটি না নেওয়া হয়ে থাকে, বৈষম্যের অভিযোগ করার তারিখ লিখুন)।
6. **দাবীদারের নাম।** কর্মচারীটির পূর্ণ নাম লিখুন।
7. **দাবিদারের ঠিকানা।** কর্মচারীটির রাস্তার ঠিকানা, সিটি, স্টেট এবং জিপ কোড।
8. **যে পক্ষটি এই খণ্ডন দায়ের করছেন।** কোন দল এই খণ্ডনটি দায়ের করছে তা সূচিত করুন।
9. **যে ধরনের আবেদনের জন্য খণ্ডনকারী উত্তর দিয়েছেন।** খণ্ডনটি নিম্নলিখিতগুলির যে কোনো একটি অনুরোধের প্রতিক্রিয়া হিসাবে করা হয়েছে কিনা ইঙ্গিত করুন 1) ওয়ার্কারস কম্পেনসেশন ল' জাজ (WCLJ) এর সিদ্ধান্তের পুনর্বিবেচনা করা বা 2) পুনরায় শুনানি করা বা পুনরায় শুরু করা।
10. **সিদ্ধান্ত নেবার তারিখ।** যে সিদ্ধান্তের বিষয়ে আপিল করা হচ্ছে সেই সিদ্ধান্তের তারিখ লিখুন।
11. **পরিষেবা দেবার তারিখ।** যে তারিখে আবেদনটি উত্তরদাতাকে পরিবেশন করা হয়েছিল তা লিখুন।
12. **অনুরোধের ফলাফল।** খণ্ডনটি নিম্নলিখিত বিতর্কগুলি করে কিনা তা সূচিত করুন যে 1) আবেদনটি 12 NYCRR 300.13(b)(4) এর অধীনে প্রত্যাখ্যান করা উচিত, 2) WCLJ সিদ্ধান্ত প্রশাসনিকভাবে সংশোধন করা এবং কীভাবে এটি সংশোধন করা হবে সেই নিয়ে আলোচনা করা উচিত, 3) WCLJ সিদ্ধান্তটি সম্পূর্ণরূপে নিশ্চিত করা উচিত বা 4) WCLJ সিদ্ধান্ত পরিবর্তন করা এবং এটি কীভাবে সংশোধন করা হবে সেই নিয়ে আলোচনা করা উচিত।
13. **সমস্যাসমূহ এবং তার কারণ অনুসারে প্রতিক্রিয়া।** আবেদনে উত্থাপিত সমস্যা এবং ভিত্তিগুলির প্রতিক্রিয়া হিসাবে একটি সংক্ষিপ্ত বিবৃতি প্রদান করুন, সত্য বা আইন অনুসারে কোনো অভিযুক্ত ভুল বিবৃতিকে চিহ্নিত করুন। 12 NYCRR 300.13(b)(1)(i) এবং (c) দ্বারা নির্ধারিত, একজন উত্তরদাতা 12-পয়েন্ট ফন্ট ব্যবহার করে, এক ইঞ্চি মার্জিন সহ, 8.5-ইঞ্চি চওড়া 11-ইঞ্চি লম্বা কাগজে আট (8) পৃষ্ঠা পর্যন্ত দীর্ঘ একটি আইনি সংক্ষিপ্ত বিবরণ সংযুক্ত করতে পারেন। আট (8) পৃষ্ঠার চেয়ে দীর্ঘ কোনো সংক্ষিপ্ত বিবরণ বিবেচনা করা হবে না, যদি না উত্তরদাতা লিখিতভাবে উল্লেখ করেন যে, কেন আবেদনের মূল কথা আট (8) পৃষ্ঠার মধ্যে লেখা যেতে পারত না। পনের (15) পৃষ্ঠার চেয়ে দীর্ঘ সংক্ষিপ্ত বিবরণ কোনো অবস্থাতেই বিবেচনা করা হবে না।

14. **রেকর্ড।** আবেদনের মধ্যে উদ্ধৃত রেকর্ডটি নিয়ে পুনর্বিবেচনার জন্য সম্পূর্ণ রেকর্ড গঠিত হলে, এই বিভাগটি ফাঁকা রাখুন। যদি আবেদনে উল্লেখিত রেকর্ডটি নিয়ে পুনর্বিবেচনা যদি সম্পূর্ণ রেকর্ডটি নিয়ে না করা হয়, তাহলে বোর্ডের ফাইলের সেই তারিখ এবং/অথবা নথির ID নম্বর(গুলি), অতিরিক্ত শুনানিগুলি, নথিপত্র, প্রদর্শিত সামগ্রী, অন্যান্য প্রমাণ এবং অনুলিপিগুলিকে চিহ্নিত করুন যা আবেদনে উত্থাপিত সমস্যা(গুলি) এবং ভিত্তি(গুলি)র জন্য প্রাসঙ্গিক যেগুলি আবেদনটিতে উল্লেখ করা হয়নি। এমন কোনো নথি যেটি আবেদনটি দায়ের করার সময় বা এর খণ্ডনের নথি দায়ের করার সময় বোর্ডের ফাইলে উপস্থিত ছিল সেটিকে বোর্ডকে দিয়ে পুনর্বিবেচনার আবেদন খণ্ডন করার নথির সাথে অন্তর্ভুক্ত বা সংযুক্ত করবেন না। বোর্ড উত্তরদাতা বা উত্তরদাতার আইনী প্রতিনিধির করা কোনো খণ্ডন 12 NYCRR 300.13(b)(1)(ii) এবং (c) অনুসারে প্রত্যাখ্যান করতে পারে যদি আবেদনের সময় বা এই খণ্ডন দায়ের করার সময় বোর্ডের ফাইলে ইতিমধ্যেই সংযুক্ত থাকা নথি সংযুক্ত করা হয়। অনুলিপি বা অডিও রেকর্ড করা শুনানি সংযুক্ত বা জমা করবেন না, কারণ বোর্ড সেগুলি বিবেচনা করবে না।

15. **নতুন এবং অতিরিক্ত প্রমাণ।** যদি কোনো উত্তরদাতা বোর্ডের পুনর্বিবেচনার জন্য আবেদন খণ্ডন করার নথির সাথে নতুন বা অতিরিক্ত প্রমাণ উপস্থাপন করতে চান যা WCLJ-এর সামনে উপস্থাপন করা হয়নি, তাহলে উত্তরদাতাকে অবশ্যই 1) খণ্ডনের সময় উল্লেখ করতে হবে যে এই ধরনের প্রমাণ খণ্ডনের সাথে সংযুক্ত আছে নাকি বোর্ডের ফাইলে আছে, যেখানে প্রযোজ্য নথির ID নম্বর নির্দিষ্ট ভাবে উল্লেখিত হয়, এবং 2) একটি নিশ্চিতকরণ জমা দিন যেন সেখানে প্রমাণ এবং ব্যাখ্যা থাকে যে কেন এই ধরনের প্রমাণ WCLJ-এর সামনে উপস্থাপন করা যেতে পারত না। বোর্ড এই ধরনের প্রমাণ গ্রহণ করার জন্য তার বিচক্ষণতা প্রয়োগ করতে পারে বা নাও করতে পারে। যদি নিশ্চিতকরণটি খণ্ডনের নথির সাথে জমা না করা হয়, তাহলে এই ধরনের নতুন বা অতিরিক্ত প্রমাণ বোর্ড প্যানেল বিবেচনা করবে না [দেখুন 12 NYCRR 300.13(b)(2)(v) এবং 300.17]।

16. **আপত্তি বা ব্যতিক্রম।** যদি WCLJ সিদ্ধান্তটি সংশোধন করাতে চান, তাহলে সেই আপত্তি বা ব্যতিক্রমটি নির্দিষ্টভাবে উল্লেখ করুন যেটি রুলিংয়ের সাথে জড়িত ছিল এবং যে তারিখে আপত্তি বা ব্যতিক্রমটি 12 NYCRR 300.13(b)(2)(ii) এবং (c) ধারার প্রয়োজন অনুসারে সংশ্লিষ্ট করা হয়েছিল। যদি কোনো শুনানিতে আপত্তি বা ব্যতিক্রম ব্যক্ত করা হয়, তাহলে সেই শুনানির তারিখটি অবশ্যই উল্লেখ করতে হবে যখন আপত্তি বা ব্যতিক্রমটি স্থাপন করা হয়েছিল। যদি ক্যালেন্ডারে নির্ধারিত দিনের বাইরের কোনো দিনে কার্যক্রম চলাকালীন আপত্তি বা ব্যতিক্রমটি স্থাপন করা হয়, তাহলে অফ-ক্যালেন্ডারের কার্যক্রমের তারিখটি অবশ্যই উল্লেখ করতে হবে।

17. **সার্টিফিকেশন।** প্রস্তুতকারীকে অবশ্যই ফর্মটিতে তারিখ সহ স্বাক্ষর করে (এছাড়াও তাদের নাম, পদবী, টেলিফোন নম্বর এবং ঠিকানা প্রদান করতে হবে) আইন এবং বাস্তবতার ভিত্তিতে খণ্ডনটিকে সরল বিশ্বাসের ভিত্তিতে সার্টিফাই করতে হবে যে এটি যুক্তিসঙ্গত ভিত্তির উপরে প্রতিষ্ঠিত হয়েছিল এবং পরিষেবা বিভাগের প্রমাণ হিসাবে নথিটি প্রয়োজনীয় আগ্রহী পক্ষগুলিকে পরিবেশন করা হয়েছিল।

18. **পরিষেবা দেবার প্রমাণ।** খণ্ডনটি অবশ্যই 12 NYCRR 300.13(b)(2)(iv) এবং (c) অনুসারে আগ্রহী সমস্ত প্রয়োজনীয় পক্ষগুলিতে পরিবেশন করতে হবে। সঠিকভাবে কোনো প্রয়োজনীয় আগ্রহী পক্ষকে পরিবেশন করতে ব্যর্থতা ত্রুটিপূর্ণ পরিষেবা হিসাবে বিবেচিত হবে এবং খণ্ডনটি নিয়ে বোর্ড বিবেচনা নাও করতে পারে। যখন বোর্ডের পুনর্বিবেচনার জন্য আবেদন খণ্ডনটি ক্যারিয়ার, সেলফ-ইনসিওরড নিয়োগকর্তা বা অন্য অর্থ প্রদানকারী বা সম্ভাব্য প্রদানকারীরা দায়ের করেন, তখন পরিষেবাটি দাবিদার এবং দাবিদারের আইনী প্রতিনিধি এবং অন্যান্য প্রয়োজনীয় আগ্রহী পক্ষের জন্য করা হবে। উত্তরদাতা বোর্ডের পুনর্বিবেচনার জন্য আবেদন পরিবেশন করার তিরিশ (30) দিনের মধ্যে সম্পূর্ণ করলে পরিষেবাটি সময়োপযোগী বলে বিবেচিত হয়। নিশ্চিতকরণটি অবশ্যই সম্পূর্ণ করতে হবে এবং বোর্ডের কাছে যে পদ্ধতিতে এবং যে তারিখে খণ্ডন দায়ের করা হয়েছে তা এর মধ্যে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে। উত্তরদাতা বোর্ডের কাছে শুধুমাত্র একটি পদ্ধতিতে খণ্ডনটি দায়ের করবে। যদি উত্তরদাতা ডুপ্লিকেট খণ্ডন দায়ের করে, তাহলে এই ধরনের ডুপ্লিকেট দায়ের করাকে যুক্তিসঙ্গত কারণ ছাড়াই একটি সমস্যা বার বার উত্থাপন করা বা চালিয়ে যাওয়া হচ্ছে বলে মনে করা যেতে পারে এবং WCL § 114-a(3) এর অধীনে উত্তরদাতার মূল্যায়ন করা হতে পারে। সম্পূর্ণ নিশ্চিতকরণে অবশ্যই পরিবেশিত কাগজপত্র, আগ্রহী পক্ষগুলির নাম, আগ্রহী প্রতিটি পক্ষের জন্য পরিষেবা দেবার তারিখ এবং পদ্ধতি উল্লেখ করতে হবে এবং সেই পরিষেবাটি যে বোর্ডের পুনর্বিবেচনার জন্য আবেদন পরিবেশনের থেকে 30 দিনের মধ্যে সম্পূর্ণ করা হয়েছিল তাও উল্লেখিত হতে হবে। যদি যে ব্যক্তিদের পরিবেশন করা হয়েছিল তাদের তালিকা এবং "সংযুক্ত নথি দেখুন" হিসাবে তালিকা উল্লেখের পদ্ধতিকে নিশ্চিতকরণের অংশটি সম্পূর্ণ করা হয়েছে বলে মেনে নেওয়া হবে না। যদি কোনো পক্ষকে ইমেইল বা অন্যান্য ইলেকট্রনিক উপায়ে পরিবেশন করা হয়, তাহলে নিশ্চিতকরণে অবশ্যই একটি সার্টিফিকেট অন্তর্ভুক্ত করতে হবে যেখানে যে পক্ষটিকে এই ভাবে পরিবেশন করার অনুমতি দেওয়া হয়েছে তা সুস্পষ্ট ভাবে উল্লেখিত থাকে [দেখুন 12 NYCRR 300.13(b)(2)(iv) (C) ও (c)]। খণ্ডনটি একই পদ্ধতিতে প্রতিটি পক্ষের কাছে পরিবেশন করতে হবে এমন কোনো প্রয়োজন নেই। নিশ্চিতকরণ অবশ্যই তারিখ সহ স্বাক্ষরিত হতে হবে যে ক্ষেত্রে শপথভঙ্গ করলে শাস্তি পেতে হবে।

# বোর্ডের পুনর্বিবেচনার জন্য আবেদন খণ্ডন করা

PO Box 5205
Binghamton, NY 13902-5205
www.wcb.ny.gov

| 1. WCB কেস নম্বর(গুলি) | 2. ক্যারিয়ারের কেস নম্বর(গুলি) | 3. ক্যারিয়ারের কোড | 4. ক্যারিয়ারের নাম | 5. আঘাতের/ছুটির তারিখ |
|---|---|---|---|---|
| | | | | |

| 6. দাবীদারের নাম | 7. দাবিদারের ঠিকানা |
|---|---|
| | |

**8. যার পক্ষ অবলম্বন করে এই খণ্ডন করা হয়েছে:**

**9. এই খণ্ডন যে কারণে করা আবেদনের (কেবল একটিতে দাগ দিন):** ☐ WCLJ এর সিদ্ধান্ত পুনর্বিবেচনা করুন ☐ পুনর্বার শুনানি করা বা পুনর্বার শুরু করা

**10. সিদ্ধান্তটি দায়ের করার তারিখ (mm/dd/yyyy):**

**11. আবেদনটি উত্তরদাতাকে (mm/dd/yyyy) তারিখে দেওয়া হয়েছিল:**

**12. এই খণ্ডনে নিম্নলিখিত তর্কগুলি উত্থাপন করা হয়:**

☐ 12 NYCRR 300.13(b)(4) এর অধীনে আবেদন প্রত্যাখ্যান করা উচিত।
☐ সিদ্ধান্তটি প্রশাসনিকভাবে সংশোধন করা উচিত যেন তা নিম্নলিখিত রকমের হয়: ______________________
☐ সিদ্ধান্তকে সম্পূর্ণতায় নিশ্চিতকরণ করা উচিত।
☐ সিদ্ধান্ত নিম্নলিখিত ভাবে পরিবর্তন করা উচিত: ______________________

**13. সমস্যাসমূহ এবং তার কারণ অনুসারে প্রতিক্রিয়া। এই খণ্ডনটি উত্থাপিত প্রতিটি সমস্যার নিম্নলিখিত ধরনের প্রতিক্রিয়া দেয় (যদি আপনি একটি আইনি সংক্ষিপ্ত বিবরণ সংযুক্ত করেন, তাহলে এটি 8 পৃষ্ঠার চেয়ে বড়ো না হওয়া উচিত, নির্দেশাবলী দেখুন):**

**14. রেকর্ড। আপনি রেকর্ডের উপরে নির্ভর না করতে চাইলে, অতিরিক্ত প্রাসঙ্গিক প্রমাণ সনাক্ত করুন (বিশদ বিবরণের জন্য নির্দেশাবলী দেখুন):**

**15. 12 NYCRR 300.13(b)(1)(iii) এর অধীনে নতুন এবং অতিরিক্ত প্রমাণ (বিশদ বিবরণের জন্য নির্দেশাবলী দেখুন):**

**16. যদি খণ্ডনটি দাবি করে যে সিদ্ধান্তটি সংশোধন করা উচিত, তাহলে 12 NYCRR 300.13(b)(2)(iii) এবং (c) এর প্রয়োজন অনুসারে রায়ের বিষয়ে আপত্তি বা ব্যতিক্রম এবং যে তারিখে এই হস্তক্ষেপ করা হয়েছিল তা নির্দিষ্টভাবে উল্লেখ করুন:**

